# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পুরুষ ও নারী উভয়সহ সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يُصَلِّي وَمَعَهُ الرِّجَالُ وَالنِّسَاءُ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ، عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنَّ جَدَّتَهُ، مُلَيْكَةَ دَعَتْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم لِطَعَامٍ صَنَعَتْهُ فَأَكَلَ مِنْهُ ثُمَّ قَالَ " قُومُوا فَلْنُصَلِّ بِكُمْ " . قَالَ أَنَسٌ فَقُمْتُ إِلَى حَصِيرٍ لَنَا قَدِ اسْوَدَّ مِنْ طُولِ مَا لُبِسَ فَنَضَحْتُهُ بِالْمَاءِ فَقَامَ عَلَيْهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَصَفَفْتُ عَلَيْهِ أَنَا وَالْيَتِيمُ وَرَاءَهُ وَالْعَجُوزُ مِنْ وَرَائِنَا فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ ثُمَّ انْصَرَفَ " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنَسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا كَانَ مَعَ الإِمَامِ رَجُلٌ وَامْرَأَةٌ قَامَ الرَّجُلُ عَنْ يَمِينِ الإِمَامِ وَالْمَرْأَةُ خَلْفَهُمَا . وَقَدِ احْتَجَّ بَعْضُ النَّاسِ بِهَذَا الْحَدِيثِ فِي إِجَازَةِ الصَّلاَةِ إِذَا كَانَ الرَّجُلُ خَلْفَ الصَّفِّ وَحْدَهُ وَقَالُوا إِنَّ الصَّبِيَّ لَمْ تَكُنْ لَهُ صَلاَةٌ وَكَأَنَّ أَنَسًا كَانَ خَلْفَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَحْدَهُ فِي الصَّفِّ . وَلَيْسَ الأَمْرُ عَلَى مَا ذَهَبُوا إِلَيْهِ لأَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم أَقَامَهُ مَعَ الْيَتِيمِ خَلْفَهُ فَلَوْلاَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم جَعَلَ لِلْيَتِيمِ صَلاَةً لَمَا أَقَامَ الْيَتِيمَ مَعَهُ وَلأَقَامَهُ عَنْ يَمِينِهِ . وَقَدْ رُوِيَ عَنْ مُوسَى بْنِ أَنَسٍ عَنْ أَنَسٍ أَنَّهُ صَلَّى مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَأَقَامَهُ عَنْ يَمِينِهِ . وَفِي هَذَا الْحَدِيثِ دَلاَلَةٌ أَنَّهُ إِنَّمَا صَلَّى تَطَوُّعًا أَرَادَ إِدْخَالَ الْبَرَكَةِ عَلَيْهِمْ .

বাংলা

২৩৪. ইসহাক আল আনসারী (রহঃ) ..... আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ননা করেন যে, তাঁর মাতামহী মুলায়কা রাদিয়াল্লাহু আনহা একবার খানা তৈরি করে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তাঁর ঘরে দাওয়াত করেছিলেন।রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে খানা খেয়ে বললেন, দাঁড়াও, তোমাদের নিয়ে

সালতি আদায় করে নেই। আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি উঠে আমদের একটা চাটাই নামিয়ে আনলাম। এটি বহু ব্যবহারে কালচে হয়ে পড়েছিল তাই তা সামান্য পানি ছিটেয়ে পরিস্কার করে নিলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাতে সালাত আদায় করতে দাঁড়ালেন। আমি ও আমার ভাই ইয়াতীমও পিছনে দাঁড়ালেন। আর বৃদ্ধা মাহিলা আমাদেরে পিছনে দাঁড়ালেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে দু রাকআত সালাত আদায় করলেন পরে চলে গেলেন। - বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিসটি হাসান ও সহীহ। আলিমগণ এতদুনুসারে আমল করছেন। তাঁরা বলেন, ইমামের সাথে যদি একজন পুরুষ ও একজন মহিলা থাকে তবে পুরুষটি ইমামের ডানে পাশে এবং মহিলাটি ইমামের পিছনে দাঁড়াবে। কাতারে পিছনে একা দাঁড়ায়ে সালাত জায়েয হওয়ার বিষয়ে ফকীহদের কেউ কেউ এই হাদিসটিকে দলীল হিসাবে পেশ করে থাকেন তাঁরা বলেন বালকটির সালাত ধর্তব্যের নয়। সুতরাং এখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে আনাস রাদিয়াল্লাহু আনহু একা দাড়িয়েছিলেন বলে ধরা যায়। কিন্তু এই ধরনের প্রমাণ পেশ করা বস্তুত ঠিক নয়। কারণ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর পিছনে আনাস রাদিয়াল্লাহু আনহু এর সাথে এক বালককেও দাড় করিয়েছিলেন। তিনি যদি তাঁর সালাতকে ধর্তব্য বলে গণ্য না করতেন তবে কখনও তাকে আনাস রাদিয়াল্লাহু আনহু এর সঙ্গে দাঁড় করাতেন না। বরং অবশ্যই আনাস রাদিয়াল্লাহু আনহু কে তাঁর পাশে দাঁড় করাতেন। কেননা মূরা ইবনু অনাস এর সূত্রে আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে এ-ও বর্ণিত আছে,যে, তিনি একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সালাত আদায় করেছিলে। তখন তিনি তাঁকে তাঁর ডান পাশে দাঁড় করিয়েছিলেন। এই অনুচ্ছেদে উল্লেখিত মূল হাদিসটি দ্বারা এ কথাও বুঝা যায় যে, উক্ত পরিবাবেরর লোকদের বরকত দানের উদ্দেশ্যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নফল হিসাবে ঐ দু'রাকাআত সালাত আদায় করেছিলেন।

## English

Anas bin Malik narrated:
"My grandmother Mutalikah invited Allah's Messenger to a meal that she prepared. He ate from it, then said: 'Stand so tht we may lead you in prayer.'" He said: "I got a Hasir of our which had become dark because of prolonged use, so I washed it with water. Allah's Messenger stood on it, and the orphan and I aligned behind him and the only lady stood behind us. He (Allah's Messenger) led us in two Rak'ah of prayer and then left."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17423

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন